কালের কণ্ঠ

তারিখ ... 09 NOV 2015 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ......

# মোবাইল বাসে ৬৪ জেলায় প্রযুক্তি প্রশিক্ষণ পাবে নারীরা

নিজস্ব প্রতিবেদক ▷

নারীদের কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ দিতে ছয়টি মোবাইল বাস চালু করছে সরকার। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের লার্নিং অ্যান্ড আর্নিং প্রকল্পের আওতায় এই পরিকল্পনা সহযোগিতা করছে রবি ও মোবাইল ফোন কম্পানি হুয়াওয়ে। জানুয়ারি নাগাদ এসব বাস চালু হবে।

গতকাল রবিবার বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) মিলনায়তনে 'সাসটেইনেবল ডেভেলপমেন্ট অব বাংলাদেশি উইমেন থ্রো আইসিটি' শিরোনামে এই প্রকল্প নিয়ে সমঝোতা স্মারকে সই করে এই তিন প্রতিষ্ঠান। রবির চিফ অপারেটিং অফিসার মাহতাব উদ্দিন আহমেদ, হুয়াওয়ে টেকনোলজিস (বাংলাদেশ) লিমিটেডের চিফ এক্সিকিউটিভ অফিসার ঝাও হাউফু ও আইসিটি বিভাগের যুগ্ম সচিব মো. মঞ্জুর কাদির নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে সই করেন। এ সময় আইসিটি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন।'

অনুষ্ঠানে পলক বলেন, 'লার্নিং অ্যান্ড আর্নিং প্রকল্পের আওতায় মোবাইল ট্রেনিং বাস চালুর পরিকল্পনা নিয়েছি আমরা। দেশের মানুষকে প্রযুক্তি শিক্ষায় শিক্ষিত করার কাজটি সরকারের একার পক্ষে সম্ভব নয়। এ কারণে আমরা বেসরকারি খাতকে আহ্বান জানিয়ে থাকি।'

পলক জানান, আইসিটি বিভাগ, রবি ও হুয়াওয়ের প্রত্যেকে দুটি করে বাস তৈরি করবে। আগামী ডিসেম্বর থেকে জানুয়ারি নাগাদ বাসগুলো তৈরি হয়ে যাবে; তারপর মাঠে নামবে।

দেশের অর্ধেক জনগোষ্ঠী নারী হলেও তারা অনেকটা পিছিয়ে আছে মন্তব্য করে পলক বলেন, এই জনগোষ্ঠীর জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা দরকার, যাতে তারা আত্মকর্মসংস্থানের সুযোগ পায়।'

আইসিটি বিভাগ জানিয়েছে, তিন বছরের প্রাথমিক এই প্রকল্পে ছয়টি বাসের আওতায় ৬৪ জেলার দুই লাখ ৪০ হাজার তরুণ-মেধাবী নারীকে প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা করা হয়েছে।



> 'তিন বছরের প্রাথমিক এই প্রকল্পে ছয়টি বাসের আওতায় ৬৪ জেলার দুই লাখ ৪০ হাজার নারীকে প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা করা হয়েছে'

> আইসিটি বিভাগ, রবি ও হুয়াওয়ে দুটি করে বাস প্রদান করবে

অনুষ্ঠানে জানানো হয়, বিভিন্ন আর্থসামাজিক সীমাবদ্ধতার কারণে যেসব নারী নিজ এলাকার বাইরে যেতে পারে না তাদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ওপর প্রশিক্ষণ দেওয়ার উদ্দেশে ছয়টি বাসে প্রয়োজনীয় প্রযুক্তি স্থাপন করা হবে। আইসিটি বিভাগ, রবি ও হুয়াওয়ে প্রত্যেকটি প্রতিষ্ঠান দুটি করে বাস প্রদান করবে। আইসিটি বিভাগের তত্ত্বাবধানে বাস দুটির রক্ষণাবেক্ষণে থাকবে রবি ও হুয়াওয়ে। প্রাথমিকভাবে প্রকল্পটির মেয়াদ হবে তিন বছর।

আইসিটির মাধ্যমে উদ্যোক্তা হওয়ার জন্য প্রকল্পটি নারীদের (বিশেষ করে প্রান্তিক এলাকায়) মাঝে ব্যাপক সাড়া ফেলবে বলে প্রত্যাশা করা হচ্ছে। শুধু নারীদের মধ্যেই নয়, বরং স্কুল-কলেজের শিক্ষার্থীদের আইসিটি প্রযুক্তির প্রতি আকৃষ্ট করতে প্রকল্পটির আওতায় প্রান্তিক এলাকায় রোড শোর আয়োজন করা হবে।

বিশেষ এই বাসগুলোতে শীতাতপ নিয়ন্ত্রণব্যবস্থা থাকবে, বাইরের শব্দ প্রবেশ করতে পারবে না এবং প্রতিটিতে একসঙ্গে ২৫ জন প্রশিক্ষণ নিতে পারবে। প্রশিক্ষণের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য একটি ল্যাপটপ, বড় এলইডি স্ক্রিন, সাউন্ড সিস্টেম, ওয়াইফাই ইন্টারনেট, নির্দিষ্ট প্রশিক্ষণ সামগ্রী, প্রশিক্ষণ সফটওয়্যার ও সার্বক্ষণিক জেনারেটরের ব্যবস্থা থাকবে। আইসিটি বিভাগের তত্ত্বাবধানে প্রশিক্ষণ সামগ্রী ও প্রশিক্ষকের ব্যবস্থা করা হবে এবং বিনা মূল্যে প্রশিক্ষণ উপকরণ সরবরাহ করা হবে।

আইসিটি বিভাগ জানায়, পরিকল্পিতভাবে প্রতিটি বাস নির্দিষ্ট রুটে চলাচল করবে এবং বছরে ৪০ সপ্তাহ কার্যক্রম পরিচালনা করবে। স্থানীয় প্রশিক্ষণার্থীর সংখ্যা ও চাহিদার ওপর ভিত্তি করে প্রতিটি স্থানে এক বা দুই দিনের জন্য প্রশিক্ষণ দেওয়া হবে।

এ প্রকল্পের মাধ্যমে মেধাবী নারীদের একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে উঠবে, যারা আইসিটির মাধ্যমে এগিয়ে যাবে, যেমনটি পারত তাদের পরিবারের পুরুষ সদস্যরা। এই নারীরা তাদের সমাজে প্রেরণার উৎস হয়ে থাকবে এবং আইসিটির মাধ্যমে নিজেদের উন্নয়নে ভূমিকা রাখতে পারবে।